

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

নং- ৩৭.০৩.০০০০.০১০.২৯.১৭.১৬- ৩৮৮

তারিখ : ০৬/১০/২০১৬ খ্রিঃ

বিষয় : কারিগরি শিক্ষা অধিদপ্তরে ০৫/১০/২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিতব্য মাসিক সমন্বয় সভায় অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে তাঁর সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ০৫/১০/২০১৬ খ্রিঃ তারিখ রোজ বুধবার বেলা ০৩:০০ ঘটিকায় কারিগরি শিক্ষা অধিদপ্তরের সম্মেলন কক্ষে টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ ও পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষগণের উপস্থিতিতে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় নিম্নবর্ণিত বিষয়ে গৃহীত কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদনসহ যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হল।

উল্লেখ্য যে, নিম্নবর্ণিত বিষয়ে গৃহীত কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন আগামী ০৪/১০/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে অধিদপ্তরের ই-মেইল dtead1@gmail.com প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হলো।

গৃহীত কার্যক্রম সমূহ :

- ০১। ২০১৬-২০১৭ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত ;
- ০২। অধিদপ্তরাধীন পলিটেকনিক ইনস্টিটিউট এবং টেকনিক্যাল স্কুল ও কলেজে কর্মরত শিক্ষকদের শিল্প কারখানায় ১৫ দিনের সংযুক্তি বিষয়ক;
- ০৩। ২০১৬-২০১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন প্রতিবেদন ;
- ০৪। ইন্ডাস্ট্রি-ইনস্টিটিউট লিংকেজ বিষয়ে প্রতিষ্ঠান পর্যায়ে গৃহীত কার্যক্রমের অগ্রগতি;
- ০৫। Disability Inclusion In TVET বিষয়ে বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে গৃহীত কার্যক্রম ও Action Plan বাস্তবায়ন;
- ০৬। কর্তৃপক্ষের বিনা অনুমতিতে উচ্চশিক্ষা গ্রহণ সংক্রান্ত বিষয়ে প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত কার্যক্রম;
- ০৭। প্রতিষ্ঠানে প্রাইভেট পড়ানো/কোচিং বাণিজ্য বন্ধে নীতিমালা বাস্তবায়নে গৃহীত কার্যক্রম;
- ০৮। শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ নিশ্চিত করণের জন্য অধিদপ্তর হতে মনোনয়ন কৃত শিক্ষকগণকে প্রশিক্ষণে প্রেরণ;
- ০৯। সিঙ্গাপুরস্থ নানিয়াং পলিটেকনিক হতে প্রশিক্ষণ প্রাপ্ত ৪২০ জন কর্মকর্তা/ শিক্ষক দাখিল কৃত প্রকল্প বাস্তবায়নে অগ্রগতি;
- ১০। অধিদপ্তরাধীন প্রতিষ্ঠান সমূহে RTO অনুমোদন গ্রহণে গৃহীত কার্যক্রম;
- ১১। ছাত্র/ছাত্রীদের শিল্প কারখানায় বাস্তব প্রশিক্ষণ সঠিকভাবে সম্পাদনের জন্য মনিটরিং;
- ১২। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন;
- ১৩। ল্যাব/ওয়ার্কসপ চালুকরণ ও ব্যবহারিক ক্লাশ নিশ্চিত করণ;
- ১৪। প্রতিষ্ঠানে ইনস্টিটিউট পারফরমেন্স বেজড ম্যানেজমেন্ট সিস্টেম বাস্তবায়ন;
- ১৫। প্রতিষ্ঠান সমূহের অডিট আপত্তি নিষ্পত্তি নিশ্চিতকরণে জরুরী ব্যবস্থা গ্রহণ;
- ১৬। শিক্ষার্থীদের ৮০% এর নীচে হাজিরা বিষয়ে বাকাশিবো এর নীতিমালা যথাযথভাবে বাস্তবায়নে গৃহীত কার্যক্রম;
- ১৭। প্রতিষ্ঠানের Video Conferencing ডিভাইস সচল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- ১৮। অনুপস্থিত শিক্ষক/কর্মচারীদের তালিকা প্রণয়ন ও অধিদপ্তরকে অবহিতকরণ;
- ১৯। প্রতি ০২ (দুই) মাস অন্তর অধ্যক্ষগণ নিজ নিজ অফিস পরিদর্শন করে রিপোর্ট প্রেরণ;
- ২০। প্রতিষ্ঠানে ওয়েব পোর্টাল প্রস্তুতকরণে গৃহীত কার্যক্রম;
- ২১। শ্রেণীকক্ষে মাল্টিমিডিয়া পাঠদান নিশ্চিতকরণে Content প্রস্তুত করে ওয়েবসাইটে প্রকাশ এবং শ্রেণীকক্ষে যথাযথ ব্যবস্থা নিশ্চিতকরণে গৃহীত কার্যক্রম;
- ২২। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে প্রধান পরীক্ষক হিসাবে নিয়োগ সংক্রান্ত;
- ২৩। Assessor এর জন্য শিক্ষকদের-কে ১৫ দিনের জন্য শিল্প কারখানায় CBT&A প্রশিক্ষণ প্রদানে গৃহীত কার্যক্রম;
- ২৪। ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে কারিগরি শিক্ষায় এনরোলমেন্ট বৃদ্ধির ফলে প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত প্রস্তুতিমূলক কার্যক্রম;
- ২৫। প্রতিষ্ঠানে শিক্ষক, কর্মচারীগণের ছুটির হিসাব বৎসরান্তে হিসাব করে প্রতিস্বাক্ষর করণ ও চাকুরীবহিতে লিপিবদ্ধকরণ।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।


স্বাক্ষরিত/-
(ড. শেখ আবু রেজা)
পরিচালক (পরিঃ ও উন্নয়ন)
ও
পরিচালক (প্রশাসন) রুটিন দায়িত্ব

নং- ৩৭.০৩.০০০০.০১০.২৯.১৭.১৬- ৩৬৬

তারিখ : ০৬/১০/২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ০১। পরিচালক (প্রশাসন/ভোকেশনাল/পরিঃ ও উন্নঃ/পিআইইউ/পিআইডিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০২। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা।
- ০৩। অধ্যক্ষ, পলিটেকনিক ইন্সটিটিউট (সকল)।
- ০৪। অধ্যক্ষ, ফেনী কম্পিউটার/বাংলাদেশ সার্ভে/গ্রাফিক আর্টস /বাংলাদেশ গ্লাস এন্ড সিরামিক ইনস্টিটিউট।
- ০৫। সহকারি পরিচালক, (১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৬। প্রধান হিসাব রক্ষণ অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
- ০৭। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক কর্মকর্তা, রাজশাহী/সিলেট/চট্টগ্রাম/বরিশাল/খুলনা/রংপুর।
- ০৮। জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,
- ০৯। সংযুক্ত কর্মকর্তা, ইএমআইএস সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর (পত্রটি ওয়েব-সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ১০। ভারপ্রাপ্ত নিরাপত্তা কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ১১। প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। [সভায় আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হলো]
- ১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ১৩। হিসাবরক্ষক/কোষাধ্যক্ষ, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ১৪। সংরক্ষণ কপি।



(মোঃ আককাছ আলী সেখ)
সহকারি পরিচালক